গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৩২/২০১৯-২০২০
ঢাকা, ৫ আগস্ট সোমবার ২০১৯, ২১ শ্রাবণ ১৪২৬

## আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। চট্টগ্রাম ও শাহজালাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাক্ষাৎ :
ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখার আহ্বান রাষ্ট্রপতির
২। যুক্তরাজ্যে সরকারি সফর শেষে আগামী বৃহস্পতিবার দেশে ফিরছেন প্রধানমন্ত্রী
৩। আজীবন বঙ্গবন্ধুর স্বপ্নপূরণে কাজ করে যাব : লন্ডনে নাগরিক সভায় প্রধানমন্ত্রী
৪। প্রধানমন্ত্রী লন্ডন থেকে জরুরি ৭৫টি ফাইল ছাড় করেছেন
৫। অক্টোবরে ভারত সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী : পররাষ্ট্রমন্ত্রী
৬। সময়ক্ষেপণ না করে দ্রুত মশার ওষুধ আনুন : দুই মেয়রকে সেতুমন্ত্রী
৭। ডেঙ্গু প্রতিরোধে মসজিদের ইমাম খতিবদের সঙ্গে মতবিনিময় করলেন ডিএসসিসি মেয়র
৮। ডেঙ্গু দমনে মোটরবাইকে মশক নিধন যন্ত্র স্থাপনসহ স্বয়ংক্রিয় যন্ত্রপাতি ক্রয় করা হচ্ছে : ডিএনসিসি মেয়র
৯। চাঁদাবাজ-মাস্তানদের কারওয়ান বাজার ছাড়তে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
১০। সুদের হার সিঙ্গেল ডিজিটে আনতে শীঘ্রই প্রজ্ঞাপন : অর্থমন্ত্রী
১১। তরুণদের ভবিষ্যতের পথ রচনা করা খুবই গুরুত্বপূর্ণ : এসডিজি আলোচনায় স্পিকার
১২। উপযুক্ত জনশক্তি তৈরিতে প্রশিক্ষকদের দক্ষতা বৃদ্ধির তাগিদ শিল্পমন্ত্রীর
১৩। উত্তরা ইপিজেডে আরও ৫০ হাজার ব্যক্তির কর্মসংস্থান হবে : বাণিজ্যমন্ত্রী
১৪। প্রধানমন্ত্রীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে একটি সফলতম হজ ব্যবস্থাপনা পরিচালনা করা হচ্ছে : ধর্ম প্রতিমন্ত্রী
১৫। মুক্তিযোদ্ধার স্বীকৃতি পেলেন আরও ৪৬ বীরাঙ্গনা

চলমান পাতা-২

**১। চট্টগ্রাম ও শাহজালাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাক্ষাৎ :**
**ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখার আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখা, সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম ও গবেষণা কার্যক্রম নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়েছেন। গতকাল (৪ আগস্ট রোববার) শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমদ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক শিরিন আক্তার বঙ্গভবনে সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। বর্তমান সময়কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যুগ উল্লেখ করে রাষ্ট্রপতি শিক্ষার্থীদের কেবল শিক্ষা কার্যক্রমে সীমাবদ্ধ না রাখতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। রাষ্ট্রপতি সব সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়কে অগ্রাধিকার ভিত্তিতে গবেষণা বিষয়ে বিশেষ কর্মসূচি গ্রহণের পরামর্শ দেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.২)।

**২। যুক্তরাজ্যে সরকারি সফর শেষে আগামী বৃহস্পতিবার দেশে ফিরছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাজ্যে তাঁর সরকারি সফর শেষে আগামী ৮ আগস্ট বৃহস্পতিবার দেশে ফিরবেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব গতকাল (৪ আগস্ট রোববার) এ কথা জানিয়েছেন। তিনি বলেন, যুক্তরাজ্যের রাজধানী লন্ডনে চিকিৎসা শেষে প্রধানমন্ত্রী আগামী বৃহস্পতিবার দেশে ফিরবেন। তিনি আরো বলেন, গত ২২ জুলাই লন্ডনের একটি হাসপাতালে প্রধানমন্ত্রীর বাঁ চোখে অস্ত্রোপচার করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে জানা যায়, আগামী ৭ আগস্ট বুধবার বিকাল ৬টা ২০ মিনিটে (লন্ডনের স্থানীয় সময়) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট প্রধানমন্ত্রীকে নিয়ে ঢাকার পথে লন্ডনের হিথ্রো আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবে। ফ্লাইটটি আগামী বৃহস্পতিবার সকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের কথা রয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **নিউ নেশন** (পৃ.২,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**৩। আজীবন বঙ্গবন্ধুর স্বপ্নপূরণে কাজ করে যাব : লন্ডনে নাগরিক সভায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলাদেশ প্রতিষ্ঠায় তাঁর দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করে বলেছেন, তাঁর ব্যক্তিগত চাওয়া-পাওয়ার কিছুই নেই। তিন বলেন, যতদিন বেঁচে আছি ততদিন জাতির পিতার সোনার বাংলাদেশ প্রতিষ্ঠার স্বপ্ন বাস্তবায়নে কাজ করে যাব। গতকাল (৪ আগস্ট রোববার) স্থানীয় সময় বিকালে লন্ডনের বিখ্যাত সেন্ট্রাল হলে অনুষ্ঠিত এক নাগরিক সভায় প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী এ অঙ্গীকার ব্যক্ত করেন। সম্প্রতি দেশের ডেঙ্গু জ্বরের প্রাদুর্ভাব সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন, প্রশাসন ছাড়াও তাঁর দলীয় কর্মীরা পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানে অংশ নিয়ে ডেঙ্গু প্রতিরোধে মাঠে রয়েছেন। প্রধানমন্ত্রী অনুষ্ঠানে দেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসী বাংলাদেশিদের ভূমিকার কথা স্মরণ করেন এবং বিভিন্ন গণআন্দোলনে তাদের ভূমিকারও প্রশংসা করেন। তিনি বাংলাদেশকে উন্নত ও সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তোলার জন্য দেশে প্রবাসীদের আরো বিনিয়োগের ওপর গুরুত্বারোপ করেন। প্রধানমন্ত্রী আরো বলেন, দেশের শিল্পায়নে এবং জনগণের কর্মসংস্থানের জন্য আমরা দেশব্যাপী ১০০ বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলছি। দেশের বিনিয়োগবান্ধব পরিবেশের সুযোগ নিয়ে আপনারাও এখানে বিভিন্ন মিল, ফ্যাক্টরি গড়ে তুলতে পারেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **বণিক বার্তা** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬)।

**৪। প্রধানমন্ত্রী লন্ডন থেকে জরুরি ৭৫টি ফাইল ছাড় করেছেন**

যুক্তরাজ্যে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ পর্যন্ত জরুরি ৭৫টি ইলেকট্রনিক ফাইল (ই-ফাইল) ডিজিটালি ছাড় করেছেন। বাংলাদেশি রাষ্ট্রদূত সম্মেলন ও অন্যান্য কর্মসূচিতে যোগদানের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী গত ১৯ জুলাই লন্ডন গিয়েছেন। এর আগে প্রধানমন্ত্রী যুক্তরাজ্যে অবস্থানকালে সব জরুরি ফাইল তাঁর কাছে পাঠানোর জন্য নির্দেশ দিয়েছিলেন। লন্ডনে অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনা সার্বক্ষণিক ঢাকার সঙ্গে যোগাযোগ রাখছেন এবং বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**৫। অক্টোবরে ভারত সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী : পররাষ্ট্রমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী অক্টোবরে ভারত সফরে যাচ্ছেন। গতকাল (৪ আগস্ট রোববার) ঢাকায় নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তিনি জানান, প্রধানমন্ত্রীর ভারত সফরের তারিখ এখনও চূড়ান্ত হয়নি। চলতি মাসের ২০ অথবা ২১ তারিখে ঢাকায় আসবেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর। ঐ সফরেই চূড়ান্ত হবে প্রধানমন্ত্রীর ভারত সফরের দিনক্ষণ। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**৬।	সময়ক্ষেপণ না করে দ্রুত মশার ওষুধ আনুন : দুই মেয়রকে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ডেঙ্গু মোকাবিলায় মশার ওষুধের কার্যকারিতা পরীক্ষা-নিরীক্ষায় সময়ক্ষেপণ না করে দ্রুত আমদানি করতে দুই সিটি করপোরেশনের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, কার্যকর ওষুধের জন্য দুই সিটি করপোরেশন চেষ্টা করছে। তবে এখন ডেঙ্গুর ভয়ংকর বিস্তার ঘটেছে। তাই অত বেশি পরীক্ষা-নিরীক্ষায় না গিয়ে ডেঙ্গু প্রতিরোধ করার জন্য আশু যা যা করণীয়, আপনাদের তা করতে হবে। ডেঙ্গু মোকাবিলায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে সমন্বিত উদ্যোগ নেওয়ারও আহ্বান জানান তিনি। গতকাল (৪ আগস্ট রোববার) রাজধানীর শান্তিনগর মোড়ে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের উদ্যোগে ডেঙ্গু মশা নিধন অভিযান কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সেতুমন্ত্রী আরো বলেন, আওয়ামী লীগের সব নেতাকর্মী ডেঙ্গুবিরোধী অভিযানে মাঠে থাকবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী সিদ্ধান্ত নিয়েছি, যতদিন পর্যন্ত আমরা প্রাণঘাতী ডেঙ্গু জ্বর থেকে মানুষকে রক্ষা করতে না পারব ততদিন পর্যন্ত আমাদের এ পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত থাকবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.ক.১)।

**৭।	ডেঙ্গু প্রতিরোধে মসজিদের ইমাম খতিবদের সঙ্গে মতবিনিময় করলেন ডিএসসিসি মেয়র**

ডেঙ্গুর জীবাণুবাহী এডিস মশার কামড় থেকে রক্ষা পেতে লম্বা জামা-পাজামা ও মোজা পরার জন্য নগরবাসীকে পরামর্শ দিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। তিনি বলেন, ইমাম সাহেবরা যেভাবে লম্বা জামা-পাজামা পরেন, নগরবাসীও এডিস মশার কামড় থেকে রক্ষা পেতে সেভাবে পোশাক পরতে পারেন। গতকাল (৪ আগস্ট রোববার) নগর ভবনে ডিএসসিসি আয়োজিত রাজধানীর বিভিন্ন মসজিদের খতিব ইমামদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে মেয়র এ পরামর্শ দেন। মেয়র বলেন, ডেঙ্গুর প্রকোপ ধীরে ধীরে কমে আসছে। এটা সম্ভব হয়েছে ডিএসসিসির চেষ্টা ও জনগণের সচেতনতার ফলে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**৮।	ডেঙ্গু দমনে মোটরবাইকে মশক নিধন যন্ত্র স্থাপনসহ স্বয়ংক্রিয় যন্ত্রপাতি ক্রয় করা হচ্ছে : ডিএনসিসি মেয়র**

দ্রুত মশক নিধনসহ নাগরিকদের উন্নত সেবা দিতে মোটরসাইকেলে মশক নিধন যন্ত্র স্থাপনসহ বিভিন্ন স্বয়ংক্রিয় যন্ত্রপাতি ক্রয় করা হচ্ছে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আতিকুল ইসলাম। গতকাল (৪ আগস্ট রোববার) রাজধানীর উত্তরা ১০ নম্বর সেক্টরের সানবীম স্কুলে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) আয়োজিত পরিচ্ছন্ন অভিযান উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪)।

**৯।	চাঁদাবাজ-মাস্তানদের কারওয়ান বাজার ছাড়তে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

রাজধানীর কারওয়ান বাজারে চাঁদাবাজি-মাস্তানিতে জড়িতদের হুঁশিয়ার করে দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, সম্প্রতি কারওয়ান বাজারে চাঁদাবাজির কিছু খবর পাওয়া গেছে। যেভাবে হোক চাঁদাবাজ-মাস্তানদের কারওয়ান বাজার ছেড়ে চলে যেতে হবে। গতকাল (৪ আগস্ট রোববার) কারওয়ান বাজারে পলিথিনবিরোধী সচেতনতামূলক সভা ও পরিচ্ছন্নতা অভিযানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, কারওয়ান বাজারে মাস্তানি-চাঁদাবাজি চলতে দেওয়া হবে না। চাঁদাবাজদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫)।

**১০।	সুদের হার সিঙ্গেল ডিজিটে আনতে শীঘ্রই প্রজ্ঞাপন : অর্থমন্ত্রী**

ঋণ ও আমানতের সুদের হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসতে শীঘ্রই প্রজ্ঞাপন জারি করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। বাংলাদেশ ব্যাংক এ প্রজ্ঞাপন জারি করবে। গতকাল (৪ আগস্ট রোববার) মতিঝিলে বাংলাদেশ ব্যাংকের জাহাঙ্গীর আলম মিলনায়তনে দেশের সব বেসরকারি ব্যাংকের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকদের সঙ্গে বৈঠক শেষে সংবাদসম্মেলনে অর্থমন্ত্রী এ কথা জানান । অর্থমন্ত্রী বলেন, বর্তমানে ১৬টি ব্যাংক সিঙ্গেল ডিজিট বাস্তবায়ন করেছে। এর মধ্যে সাতটি সরকারি। বাকিরা সবাই সিঙ্গেল ডিজিট বাস্তবায়ন করবে। এটা তাদের করতেই হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (শেষ পৃ.ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**১১।	তরুণদের ভবিষ্যতের পথ রচনা করা খুবই গুরুত্বপূর্ণ : এসডিজি আলোচনায় স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জনসংখ্যার উন্নয়নে নবীন, প্রবীণ ও নারী-শিশুর বিষয়ে গুরুত্ব প্রদান জরুরি। আজকের তরুণরা একদিন প্রবীণ হবেন, তাই কর্মক্ষম অবস্থায় তরুণদের ভবিষ্যতের পথ রচনা করা খুবই গুরুত্বপূর্ণ। গতকাল (৪ আগস্ট রোববার) সংসদ ভবনের শপথকক্ষে সংসদ সচিবালয় ও ইউএনএফপিএ'র যৌথ উদ্যোগে বাস্তবায়নাধীন জনসংখ্যা ও উন্নয়ন বিষয়ে সংসদের সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত (এসপিসিপিডি) প্রকল্পের আওতায় 'ডেমোগ্রাফিক ডিভিডেন্ট এবং যুবাদের দক্ষতা বৃদ্ধি : এসডিজি অর্জনে চ্যালেঞ্জ' শীর্ষক পলিসি ডায়ালগ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। স্পিকার ২০৪০ সালের মধ্যে ইয়ুথ ডিভিডেন্ড গ্রহণে সচেষ্ট হতে সংসদ সদস্যগণকে একযোগে কাজ করার আহ্বান জানান। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **সংবাদ** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৩)।

**১২। উপযুক্ত জনশক্তি তৈরিতে প্রশিক্ষকদের দক্ষতা বৃদ্ধির তাগিদ শিল্পমন্ত্রীর**

চতুর্থ শিল্প বিপ্লবের উপযুক্ত জনশক্তি গড়ে তুলতে প্রশিক্ষকদের দক্ষতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, মানসম্মত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ কর্মী তৈরি করতে সরকারি ও বেসরকারি উদ্যোগের সমন্বয় ঘটাতে হবে। গতকাল (৪ আগস্ট রোববার) রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে 'ন্যাশনাল কনসালটেশন অন ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল রেজুলেশন অ্যান্ড ফিউচার অভ্ ওয়ার্ক' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় শিল্পমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.১)।

**১৩। উত্তরা ইপিজেডে আরও ৫০ হাজার ব্যক্তির কর্মসংস্থান হবে : বাণিজ্যমন্ত্রী**

নীলফামারীর উত্তরা ইপিজেডে আরও ৫০ হাজার মানুষের কর্মসংস্থান হবে বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। মন্ত্রী বলেন, উত্তরা ইপিজেডে দেশবন্ধু গ্রুপ বিনিয়োগ করায় এখানকার অর্থনীতি সমৃদ্ধ হবে। আরও কয়েকটি প্রতিষ্ঠান বিনিয়োগের অপেক্ষায় রয়েছে। সেগুলো উৎপাদন শুরু করলে নতুন করে ৫০ হাজার মানুষের কর্মসংস্থান হবে। গতকাল (৪ আগস্ট রোববার) নীলফামারীর উত্তরা ইপিজেডে দেশবন্ধু টেক্সটাইল মিলস লিমিটেডের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **নিউ নেশন** (পৃ.৪,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

**১৪। প্রধানমন্ত্রীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে একটি সফলতম হজ ব্যবস্থাপনা পরিচালনা করা হচ্ছে : ধর্ম প্রতিমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যক্ষ তত্ত্বাবধানে এবার ইতিহাসের একটি সফলতম হজ ব্যবস্থাপনা পরিচালনা করা হয়েছে। এ বছর হজের খরচ কমিয়ে আনার চেষ্টা করা হয়েছে। কোনো ধরনের ভোগান্তি ছাড়াই এবার হজ করতে গেছেন হজযাত্রীরা। গতকাল (৪ আগস্ট রোববার) রাজধানীর আশকোনা হজক্যাম্পে 'হজ কার্যক্রম ২০১৯'-এর সমাপ্তি উপলক্ষে আয়োজিত সংবাদসম্মেলনে এসব কথা বলেন ধর্ম প্রতিমন্ত্রী শেখ মো. আবদুল্লাহ। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.১৭ক.৫)।

**১৫। মুক্তিযোদ্ধার স্বীকৃতি পেলেন আরও ৪৬ বীরাঙ্গনা**

একাত্তরে পাকিস্তানি বাহিনী ও তাদের দোসরদের হাতে নির্যাতিত আরও ৪৬ বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দেওয়া হয়েছে। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৬২তম সভার সিদ্ধান্ত অনুযায়ী তাদের এ স্বীকৃতি দেওয়া হয়। এ বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে গত ২৯ জুলাই গেজেটও জারি করা হয়েছে। এ নিয়ে ২০১৫ সালের ১২ অক্টোবর থেকে এ পর্যন্ত ৩২২ বীরাঙ্গনা মুক্তিযোদ্ধার স্বীকৃতি পেলেন। তাঁরা প্রতি মাসে ভাতাসহ মুক্তিযোদ্ধাদের মতো অন্যান্য সরকারি সুযোগ-সুবিধা পাবেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** কনটেইনার উঠানামা ও প্রবৃদ্ধি বিবেচনায় বিশ্বের ১০০টি শীর্ষ সমুদ্রবন্দরের তালিকায় চট্টগ্রাম বন্দরের অবস্থান বর্তমানে ৬৪তম, লন্ডনভিত্তিক শিপিং বিষয়ক আন্তর্জাতিক সাময়িকী 'লয়েডস লিস্ট' এ স্বীকৃতি দেওয়ার কথা উল্লেখ করে সমুদ্রবন্দরের উন্নয়নের এ সাফল্য অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **সমকাল :** কুমিল্লার রেলসেতুতে ফাটল দেখা দিয়েছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে রেলপথ ও সেতু সংস্কারে সরকারি বরাদ্দ আত্মসাৎকারীদের চিহ্নিত করে আইনের আওতায় আনার দাবি।

**গ.** **যায়যায়দিন :** বিশ্বব্যাংকের এক প্রতিবেদনে বলা হয়েছে বাংলাদেশ মোট জাতীয় উৎপাদনের এক শতাংশের কম ব্যয় করছে স্বাস্থ্যখাতে উল্লেখ করে জনগণের স্বাস্থ্য সুরক্ষায় স্বাস্থ্যখাতে বরাদ্দ বাড়ানোর সুপারিশ।

**ঘ.** **ভোরের কাগজ :** বন্যার পানি নামার সঙ্গে সঙ্গে দেশের বিভিন্ন জনপদে নানামুখী দুর্ভোগের চিত্র ফুটে উঠেছে উল্লেখ করে বন্যার্তদের পুনর্বাসনে বাস্তবানুগ কর্মপরিকল্পনা গ্রহণের ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **সংবাদ :** আসন্ন ঈদুল আজহার সময় ডেঙ্গু পরিস্থিতি আরও প্রকট হতে পারে বলে আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা উল্লেখ করে প্রত্যন্ত অঞ্চলে ডেঙ্গু শনাক্তকরণ কিটসহ প্রয়োজনীয় চিকিৎসা উপকরণ সহজলভ্য করার সুপারিশ।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** খুলনা মহানগরীতে বিপুল পরিমাণ পলিথিন ফেলার কারণে বেশিরভাগ ড্রেনগুলো বন্ধ হয়ে গেছে উল্লেখ করে সারাদেশে নিষিদ্ধ হওয়া পলিথিন যাতে ব্যবহার করা না হয় সে ব্যাপারে দৃষ্টি দেওয়ার পরামর্শ।

**ছ.** **ডেইলি সান :** বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গাদের দ্রুত তাদের নিজ দেশ মিয়ানমারে প্রত্যাবাসনে জোরদার তৎপরতার সুপারিশ।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **' শব্দদূষণ আর নয়'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, শহর বাসযোগ্য করতে চাইলে অবশ্যই শব্দদূষণ নিয়ন্ত্রণে আনা প্রয়োজন।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা